গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৮-**আইন/২০২৬/**৬৩/**কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১০৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সাধারণ বন্ড বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার বিধি ৫ এর-

(১) উপ-বিধি (২) এ উল্লিখিত "সরাসরি রপ্তানিমুখী ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত)" শব্দগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "সরাসরি রপ্তানিমুখী ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (নীট, ওভেন, সুয়েটার, টাওয়েল, লিনেন, হোম টেক্সটাইল এবং লেদারগুডস ও ফুটওয়্যার প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত)" শব্দগুলি, চিহ্নগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) উপ-বিধি (৩) এ উল্লিখিত "সরাসরি রপ্তানিমুখী (নীট, ওভেন ও সুয়েটার প্রস্তুতকারী)" শব্দগুলি, চিহ্ন ও বন্ধনীগুলির পরিবর্তে "সরাসরি রপ্তানিমুখী (নীট, ওভেন, সুয়েটার, টাওয়েল, লিনেন, হোম টেক্সটাইল এবং লেদারগুডস ও ফুটওয়্যার প্রস্তুতকারী)" শব্দগুলি, চিহ্নগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।